চুয়াডাঙ্গায় জন্মাষ্টমী উপলক্ষে পূজা উদযাপন কমিটির সাথে মতবিনিময় সভা

শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে আজ বেলা সাড়ে বারোটার সময় জেলার সকল পূজা উদযাপন কমিটির সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

চুয়াডাঙ্গায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দ এবং ভক্তবৃন্দ প্রতি বছর পৃথকভাবে অনুষ্ঠানের আয়োজন করেন। পুলিশ সুপার প্রত্যক্ষ হস্তক্ষেপে এই প্রথম সকল কমিটির সদস্যবৃন্দ নিজেদের মধ্যকার দ্বান্দ্বিকতার অবসান ঘটিয়ে সম্মিলিতভাবে একত্রে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করতে সম্মত হন।

উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মাহাব্বুর রহমানসহ জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার ও ফোর্সবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দার মাদক বিরোধী অভিযানে গ্রেফতার-১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ০৪ (চার) কেজি গাঁজা উদ্ধার সহ এক জনকে গ্রেফতার করা

হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই(নিঃ)/ সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ)/ বিজন কুমার ভট্টাচার্য, এএসআই (নিঃ)/ মোঃ আবেদুর রহমান, জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গা সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ছয়টার সময় দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ মোঃ পাপনের মোটরসাইকেল গ্যারেজের সামনে দর্শনা টু কার্পাসডাঙ্গা গামী পাঁকা রাস্তার উপর হতে আসামি ১) মোঃ মমিনুর ইসলাম ওরফে মমিন (২৬), পিতা-মৃত ফরজ আলী, সাং-ঝাঝাডাঙ্গা, থানা- দর্শনা, জেলা-চুয়াডাঙ্গাকে গ্রেফতার পূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ০৪ (চার) কেজি গাঁজা, মূল্য অনুমান-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উদ্ধার পূর্বক জব্দ করে।গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের প্রতিনিধি সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে রজব আলী সুপার মার্কেটে বিএনপির পার্টি অফিসে এ প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোঃ সফিকুল ইসলাম পিটু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সরদার নুরুজ্জামান।

এসময় প্রধান অতিথি বলেন দ্রব্য মুল্যের উর্ধগতির বাজারে যেভাবে নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম বেরেছে তাতে সাধারণ মানুষ দিশেহারা। দেশের সাধারণ মানুষ আর এই ভোট চোর সরকারকে চাইনা। জনগণ এই সরকারের থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। তাই এখনো সময় আছে আপনারা সংশধন হন, নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধিনে ছাড়া এই বাংলায় আর ভোট চুরি করে ক্ষমতায় আসা যাবেনা। তানাহলে এদেশের জনগণকে সঙ্গে নিয়ে ভোট চোরদের প্রতিহত করা হবে।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মনিরুল ইসলাম মনির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির আপ্যায়ন বিষয়ক সম্পাদক এম, আরজ আলী শান্ত,স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সহ বাণিজ্য বিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার নূর আমিন লালন, সহ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ওয়াসিম ইফতেখারুল হক।

আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফ, আহ্বায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা।

চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক এম এ তালহা’র সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি শহিদুজ্জামান বিলাস, সহ-সভাপতি মিজানুর রহমান, যুগ্ন সম্পাদক মঞ্জুরুল জাহিদ, যুগ্ন সম্পাদক হামিদুর রহমান, সাংগঠনিক সম্পাদক শামীম হাসান টুটুল। জীবননগর উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আবু তালেব, সদস্য সচিব এখলাছুর রহমান রাসেল, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আসরাফ হোসেন, সদস্য সচিব সুমন বিশ্বাস, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, দর্শনা থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক নূরে আলম সিদ্দিকী, পৌর আহ্বায়ক আব্দুল মান্নান, চুয়াডাঙ্গা সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক এস এম হাসান, সদস্য সচিব শরিফুল ইসলাম রাজা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক রুবেল হাসান, সদস্য সচিব বিদ্যুৎ হোসেন, আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইমদাদুল হক, পৌর আহ্বায়ক কামরুল হাসান সহ চুয়াডাঙ্গা সদর উপজেলা,আলমডাঙ্গা উপজেলা, দামুড়হুদা উপজেলা ও জীবননগর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় সাইকেল-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে নিহত ১, আহত ২

আলমডাঙ্গায় বাইসাইকেল ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে সাইকেল চালক নিহত হয়েছেন। আহত হয়েছেন মোটরসাইকেলের চালক ও আরোহী। মঙ্গলবার সন্ধ্যা ৬ টায় উপজেলার বলেশ্বরপুর-কাথুলি সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ব্যক্তি হলেন- চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর ইউনিয়নের কাথুলি গ্রামের মৃত করিম মালিথার ছেলে আলফাজ হোসেন (৫৫)। আহতরা হলেন- একই ইউনিয়নের দিগড়ী গ্রামের আব্দুল মালেকের ছেলে আনারুল
(২৩) ও হারুনের ছেলে কাউসার (২২)। আহত দুই যুবক চুয়াডাঙ্গা সরকারি কলেজে অধ্যায়নরত রয়েছে।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার সন্ধ্যায় বলেশ্বরপুর বাজার থেকে জ্বালানি তেল কিনে বাই-সাইকেল যোগে বাড়ি ফিরছিলেন আলফাজ হোসেন। পথে কাথুলি-বলেশ্বরপুর সড়কের মাঠ সংলগ্নে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুত গতির মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনাস্থলেই আলফাজ নামের বাইসাইকেল চালকের মৃত্যু হয়। এতে আনারুল ও কাউসার নামের মোটরসাইকেল চালক এবং আরোহী গুরুতর আহত হন। পরে পথচারীরা তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। গুরুতর আহত অবস্থায় দু’যুবককে রাজশাহী মেডিকেল হাসপাতালে রেফার্ড করে।

নিহতের স্ত্রী বেদেনা খাতুন বলেন, জমিতে সেচ দেওয়ার জন্য বাইসাইকেলযোগে জ্বালানি তেল কিনতে বের হয়েছিলেন আমার স্বামী। কিছুক্ষন পর শুনি একটি মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়েছে। ঘটনাস্থলেই আমার স্বামী মারা গেছেন।

জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাদিয়া মা-আরিজ বলেন, হাসপাতালে আসার আগেই আলফাজের মৃত্যু হয়। আহত দুজনের অবস্থা আশংকাজনক।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ সত্যতা নিশ্চিত করে বলেন, এক্সিডেন্টের খবরে ঘোলদাড়ি ফাঁড়িপুলিশ পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় পথচারী নিহত

আলমডাঙ্গার কয়রাডাঙ্গায় ইজিবাইকের ধাক্কায় মো. আব্দুর রহমান
(৩৩) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। গতকাল সোমবার রাত সাড়ে ১০র দিকে উপজেলার কয়রাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে।

আব্দুর রহমান উপজেলার চিৎলা ইউনিয়নের কয়রাডাঙ্গা গ্রামের বাসিন্দা মো. এজিদ আলির ছেলে।

স্থানীয়রা জানান, গতকাল সোমবার রাতে চিৎলা বাজার থেকে নিজ বাড়িতে পায়ে হেটে যাচ্ছিলো। পিছন থেকে দ্রুত গতিতে ছুটে আসা ইজিবাইকের সঙ্গে ধাক্কা লাগে আব্দুর রহমানের। এর পরপরই পথচারীরা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। তার শারীরিক অবস্থা অবনতি হলে কুষ্টিয়ায় রেফার্ডের প্রস্তুতি নিচ্ছিলো হাসপাতাল কতৃপক্ষ। ভোরে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। পুলিশ খবর পেয়ে নিহত আব্দুর রহমানের লাশের সুরতহাল রিপোর্ট সংগ্রহ করেন।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, সকালে খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। সুরতহাল রিপোর্ট শেষে, পরবর্তীতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদায় স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় ১৪ সেপ্টেম্বর-২০২৩ স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভা কক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন, হাউলী ইউপি সচিব নাঈম উদ্দিন সহ উপজেলার সকল ইউপি সচিব, উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ, জনপ্রতিনিধি বৃন্দ, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ১৮,১৯,২০ এই তিন দিন উপজেলা চত্বরে উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলমডাঙ্গার শীর্ষ মাদক ব্যবসায়ী হেরোইনসহ গাংনীতে গ্রেফতার

আলমডাঙ্গা এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী ৭ টি মাদক মামলার আসামি সুইট মোল্ল্যা (৫০) এবার ৫ গ্রাম হেরোইনসহ গাংনী থানা পুলিশের হাতে গ্রেফতার হয়েছেন।

গ্রেফতার সুইট মোল্ল্যা চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার হারদী গ্রামের শানে মোল্ল্যার ছেলে।

তার নামে মাদক কারবারির অভিযোগে আলমডাঙ্গা ও গাংনী থানায় ৭ টি মামলা রয়েছে। সে এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী।
গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ আবুল কালাম আজাদের নেতৃত্বে পুলিশের একটি দল গোপন সংবাদের ভিত্তিত্বে গতকাল সোমবার দিবাগত মধ্যরাতে কাজিপুর মধ্যপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাকে ৫ গ্রাম হেরোইনসহ গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আবুল কালাম আজাদ বলেন, একজন মাদক ব্যবসায়ী মাদক নিয়ে যাচ্ছে এমন সংবাদের ভিত্ত্বিতে কাজিপুর মধ্যপাড়া এলাকায় পুলিশের একটি টিম অপেক্ষা করছিলো। সুইট মোল্ল্যা আসার সাথে সাথে তাকে চ্যালেঞ্জ করা হয়। সে পালানোর চেষ্টা করলে তাকে গ্রেফতার করে তার কাছ থেকে ৫ গ্রাম হেরোইন জব্দ করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় পুলিশ বাদি হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে।

গ্রেফতারকৃত সুইট মোল্ল্যাকে আজ মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় গাঁজা গাছসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে ১টি গাঁজা গাছসহ একজনকে আটক করা হয়েছে। গতকাল রবিবার রাত ১১টার দিকে নতিপোতা ইউনিয়নের মইষাগাড়ী মাঠ থেকে।

থানা সূত্রে জানা যায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে এস আই শাহাবুল আলম সঙ্গীয় ফোর্সের সহায়তায় অত্র এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন।

এসময় গতকাল রবিবার আনুমানিক রাত ১১ টার দিকে অত্র থানাধীন নতিপোতা গ্রামস্থ মইষাগাড়ী মাঠে আসামী ফিত্তাজের ভোগদখলীয় সিম ক্ষেতের মধ্য উদ্ধারকৃত গাঁজা গাছ পরিচর্যা করাকালে ১১ ফুট লম্বা ও ১২ কেজি একটি গাঁজার গাছ সহ ফিত্তাজ শেখ (৪৫) কে হাতেনাতে আটক করে। আসামী ফিত্তাজ শেখ নতিপোতা গ্রামের মোঃ চান্দালীর ছেলে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, দামুড়হুদা মডেল থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না। জেলা পুলিশ সুপারের নির্দেশনায় মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ৫ শত গ্রাম গাঁজাসহ মোঃ স্বপন আলী (২৮) নামের এক মাদক কারবারিকে আটক

করেছে।

গতকাল রবিবার রাত সোয়া ১১টার দিকে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রাম থেকে। গ্রেফতারকৃত আসামী স্বপন আলী হারেজ আলীর ছেলে।

থানা সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার এসআই ওবাইদুর রহমান ও এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্সের সহায়তায় অত্র এলাকায় মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রবিবার রাত সোয়া ১১টার দিকে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ১টি পলিথিনের ব্যাগে বিশেষ কায়দায় রাখা ৫ শত গ্রাম গাঁজাসহ স্বপন আলী কে আটক করে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির মাদক উদ্ধার এবং এক মাদক কারবারিকে আটকের বিষয়টি নিশ্চিত করে বলেন, আটককৃত আসামী স্বপন আলী এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের হয়েছে। পরবর্তীতে তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা মডেল স্কুলে শিক্ষার মানোন্নয়নে অভিভাবক ও সুধী সমাবেশ

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে অভিভাবক ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় চত্বরে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ মাকসুদুর রহমান রতনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা পরিষদের

চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ কুতুব উদ্দীনের সঞ্চালনায় এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা নাসির উদ্দীন, দামুড়হুদা প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি সিনিয়র সাংবাদিক দ্বীন মোহাম্মদ, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষক অভিভাবক সদস্য ফারুক হোসেন, দামুড়হুদা মডেল থানার উপপরিদর্শক সালাউদ্দীন, তৌহিদুল ইসলাম, দামুড়হুদা ইউনিয়নের ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সুবহান মন্ডল, অভিভাবক সদস্য মোয়াজ্জেম হোসেন, আবু সাঈদ, যুবলীগ নেতা ইলিয়াস হোসেন, ইকরামুল হক, আঃখালেক, জুয়েল রানা, অভিভাবক হাসিবুল ইসলাম, আতিকুর রহমান, জহিরুল ইসলাম রিপন, শওকত আলীসহ অভিভাবকরা উপস্থিত ছিলেন। সমাবেশ শেষে অতিথি বৃন্দ বিদ্যালয় চত্বরে বৃক্ষের চারা রোপন করেন।